

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর-১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০০৫.১৬- ১৫৫৩

তারিখ : ২৬/১২/২০১৬

বিষয় : জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত উন্নয়ন মেলায় পৌরসভাসমূহের অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনগণের অংশগ্রহণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম প্রান্তিক পর্যায়ে জনগণের সামনে তুলে ধরার উদ্দেশ্যে জেলা ও উপজেলা পর্যায়ে 'উন্নয়ন মেলা' আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ০৪ আগস্ট ২০১৬ তারিখে এ সংক্রান্ত একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে আগামী ৯-১১ জানুয়ারি ২০১৭ তিন দিনব্যাপী জেলা ও উপজেলায় অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অংশগ্রহণের লক্ষ্যে সকল মেয়র/প্রশাসকগণকে অনুরোধ জানানো হয়েছিল। এছাড়াও গত ২০/১২/২০১৬ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বর্তমান সরকারের (২০০৯-২০১৬ মেয়াদে) সাফল্য এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা উন্নয়ন মেলায় উপস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

২। 'উন্নয়ন মেলা'-এর উদ্দেশ্য হলো মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম জনগণের সামনে তুলে ধরা যেন জনগণ সরকারের উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ত হতে পারে এবং সরকারের মুখপাত্র হিসেবে প্রচারণায় অংশগ্রহণ করতে পারে।

৩। আগামী ০৯-১১ জানুয়ারি ২০১৭-এ জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য এ 'উন্নয়ন মেলায়' স্বতন্ত্র স্টল বরাদ্দ গ্রহণের মাধ্যমে পৌরসভাসমূহের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং প্রতিটি পৌরসভায় বর্তমান সরকারের উন্নয়নমূলক কার্যক্রম ও এর সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব এলাকায় গৃহীত/বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রমের প্রচারের জন্য উপস্থাপন করতে হবে। এ ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি যত্নবান হতে হবে:

(ক) নিম্নে উল্লিখিত ৩টি ইনোভেশন শ্লোগান মেলার স্টলে সম্মুখভাগে প্রকাশ্য প্রদর্শনের জন্য পোষ্টার/ব্যানার/ফেস্টুনের মাধ্যমে স্থাপন করা:

- (১) "উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র"
- (২) "শেখ হাসিনার দর্শন  
বাংলাদেশের উন্নয়ন"
- (৩) "শেখ হাসিনার দর্শন  
সব মানুষের উন্নয়ন"

(খ) ২০০৮-২০০৯ অর্থ বছর হতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত বছর ওয়ারী রাজস্ব আয় ও ব্যয়ের তথ্য চিত্র এবং সরকার প্রদত্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দের পরিমাণ ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের তথ্য চিত্র সর্বসাধারণের অবগতির জন্য মেলায় প্রদর্শন করতে হবে;

(গ) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে পৌরসভার ক্রয় প্রক্রিয়াকে স্বচ্ছ, জবাবদিহি ও গতিশীল করার লক্ষ্যে e-GP পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হচ্ছে মর্মে প্রচার করতে হবে;

(ঘ) ২০০৮-২০০৯ অর্থ বছর হতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত পৌর পরিষদের মাধ্যমে বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্প ও কাজ পোষ্টার/ব্যানার/ফেস্টুন এর মাধ্যমে প্রদর্শন করতে হবে:

উল্লেখযোগ্য উন্নয়ন প্রকল্প (বাস্তবায়িত ও চলমান):

ক্রমিক নং	প্রকল্পের নাম	অর্থ বছর	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	বাস্তবায়িত কাজের বিবরণ

উল্লেখযোগ্য উন্নয়নমূলক কাজ (নির্মিত ও নির্মাণাধীন):

ক্রমিক নং	প্রকল্পের নাম	অর্থ বছর	সংখ্যা/বাস্তবায়িত কাজের পরিমাণ	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	অডিটরিয়াম নির্মাণ (১০০০ আসন বিশিষ্ট)			
২.	অডিটরিয়াম (৫০০ আসন বিশিষ্ট)			
৩.	ডাকবাংলো			
৪.	বানিজ্যিক ভবন			
৫.	মার্কেট			
৬.	শিশুপার্ক নির্মাণ			
৭.	স্কুল নির্মাণ			
৮.	কলেজ নির্মাণ			
৯.	ছাত্রাবাস/ছাত্রী নিবাস নির্মাণ			
১০.	তোরণ নির্মাণ			
১১.	মসজিদ নির্মাণ			
১২.	গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘর নির্মাণ			
১৩.	সুইমিংপুল			
১৪.	জিমনেশিয়াম			
১৫.	কম্পিউটার ল্যাব নির্মাণ			
১৬.	ডিজিটাল সেন্টার			
১৭.	গরীব মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান			
১৮.	গরীব ও অসহায়দের আর্থিক সহায়তা প্রদান			


প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অর্থ বছর	ব্যয়ের পরিমাণ	পুরুষ (সংখ্যা)	মহিলা (সংখ্যা)	মোট সংখ্যা

ঙ) মেলার স্টলে প্রশিক্ষণার্থীদের প্রস্তুকৃত বিভিন্ন পন্য প্রদর্শন করতে হবে;

চ) উল্লেখযোগ্য প্রকল্পের ভিডিও চিত্র ও পাওয়ার পয়েন্ট তৈরী করে প্রদর্শন করতে হবে;

৪। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত কার্যক্রমের সাফল্য যথাযথভাবে তুলে ধরে স্থানীয় জনগণকে বর্তমান সরকারের উন্নয়ন কাজের ধারায় সম্পৃক্ত করতে উপরোল্লিখিত বিষয়সমূহ সবিশেষ গুরুত্ব দিয়ে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় সকল পৌরসভার অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল। “উন্নয়ন মেলায়” প্রদর্শনের জন্য উল্লিখিত তথ্য সম্বলিত সিডি প্রস্তুত করে ০১/০১/২০১৭ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্যও অনুরোধ করা হ'ল।

  
(নাসরিন আক্তার)  
অতিরিক্ত সচিব (উন্নয়ন)  
ফোন: ৯৫১৫৩২৩

বিতরণ:

মেয়র/প্রশাসক (সকল পৌরসভা)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। বিভাগীয় কমিশনার (সকল), .....বিভাগ।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার (সকল),..... বিভাগ
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক (সকল), .....জেলা।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।